

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩১.২০.০৮৯.২৪ নথির বিষয়: Rising of Manhole cover for e-PRV/WO valve chamber under water Transmission network of SWTP. কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।
নোট: ১ নোটের বিষয়: Rising of Manhole cover for e-PRV/WO valve chamber under water Transmission network of SWTP. কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১২/৯/২৪ ৮:৪৪ পূর্বাহ্ন

সংযুক্ত ক্রমিক নং-০১ হতে ০৬ পর্যন্ত দয়া করে দেখা যেতে পারে। সাপাশো ফেজ-১ ও ২ হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটার এর অধিক পরিশোধিত পানি ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হচ্ছে। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ও ফেজ-২ এর প্রায় ৪৬ কিলোমিটার পানির মেইন ট্রান্সমিশন লাইন সহ বিভিন্ন ভাল্ভ চেম্বার (e-PRV/ WOV) রয়েছে। যা রক্ষণাবেক্ষণ ও পরিচালন সাপাশো(রক্ষণাবেক্ষণ) বিভাগ হতে করা হয়ে থাকে। প্রতিটি ভাল্ভ চেম্বার (e-PRV/WOV) ঢাকা মহানগরের মেইন রাস্তায় স্থাপিত বিধায় ঢাকা সিটি কর্পোরেশন (উত্তর ও দক্ষিণ) নিয়মিতভাবে রাস্তা কার্পেটিং করায় চেম্বার গুলোর কভার কার্পেটিং এর নিচে চলে গেছে। বিষয়টি ঢাকা সিটি কর্পোরেশনে (উত্তর ও দক্ষিণ) অবহিত করা হলেও তাদের অসচেতন ভাবে কার্পেটিং করার কারণে বেশ কয়েকটি ভাল্ভ চেম্বারের লোকেশন As-built ড্রইং এ দেখা গেলেও তা বাস্তবে দেখা যাচ্ছে না। এছাড়াও ঢাকা শহরে ফ্লাইওভার, আভারপাস, এলিভেটেড এক্সপ্রেসওয়ে, ওভারপাস প্রভৃতি অবকাঠামো নির্মান হয়েছে/হচ্ছে। এক্ষেত্রে রাস্তা উঁচু অথবা অবকাঠামোর কারনে উল্লেখিত পানির লাইনে কন্ট্রোল ভাল্ভ সমূহ ঢাকা পড়েছে। ফলে ভাল্ভ গুলো পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজে বাধার সৃষ্টি হচ্ছে। কাজেই দ্রুত সায়েদাবাদ পানি শোধনাগারের বিভিন্ন ভাল্ভ চেম্বারের ম্যানহোল কভার উঁচু করণ কাজ সম্পন্ন করা অতীব জরুরী।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১২/৯/২৪ ৮:৪৪ পূর্বাহ্ন

আলোচ্য কাজটি বাস্তবায়নের লক্ষ্যে পূর্ব অনুমোদিত দরের ভিত্তিতে “দাপ্তরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট টাঃ ৪,৯৮,০৫২.৫১১ (চার লক্ষ আটানব্বই হাজার বাহান্ন দশমিক পাঁচ এক এক) টাকা মাত্র। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর ২০২৪-২৫ ইং অর্থ বছরের বরাদ্দকৃত রাজস্ব বাজেটের পানির লাইন রক্ষণাবেক্ষণ (কোড নং-০১-০৪-০০১) খাত হতে নির্বাহ করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১২/৯/২৪ ৮:৪৮ পূর্বাহ্ন

২০২৪-২৫ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভূক্ত কাজটি ই-জিপি পোর্টালের মাধ্যমে সীমিত দরপত্র (LTM) পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন রয়েছে। আলোচ্য কাজটি অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-১৬০ এবং প্যাকেজ নং-W-85 তে অন্তর্ভুক্ত রয়েছে। কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে ই-জিপি পোর্টালের মাধ্যমে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বানের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STD PW-2b অনুসরণ করে দরপত্র দলিল প্রনয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিলে কার্যক্রমকারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) বিভাগ উল্লেখ করা হবে। ক্রমকারী কর্তৃক দরপত্র দলিল প্রনয়ন, দরপত্র আহ্বান, কার্য সম্পাদন নোটিশ জারী (NOA), চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন করা হবে

সংযুক্তিসমূহ (৬):

- ১। ২০২৪-২৫ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ফটোকপি।
- ২। মেইন ট্রান্সমিশন নেটওয়ার্কের লাইভ ড্যাশবোর্ড এর ছবি।
- ৩। ম্যানহোল কভার এর প্রস্তাবিত তালিকা।
- ৪। অনুমোদিত দরের কপি।
- ৫। আলোচ্য কাজের খসড়া প্রাক্কলন।
- ৬। আলোচ্য কাজের প্রাক্কলনের কপি।

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১২/৯/২৪ ৮:৪৯ পূর্বাহ্ন

এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনালোকে, “Rising of Manhole cover for e-PRV/WO valve chamber under water Transmission network of SWTP” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।




নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

* ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে ই-জিপি পোর্টালের মাধ্যমে সীমিত দরপত্র পদ্ধতি LTM এ দরপত্র আহ্বানের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন মোট টাঃ ৪,৯৮,০৫২.৫১১ (চার লক্ষ আটানব্বই হাজার বাহান্ন দশমিক পাঁচ এক এক) টাকা মাত্র এর অনুমোদন।

গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় পানির লাইন রক্ষণাবেক্ষণ খাত হতে নির্বাহের অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

			
১২/৯/২৪ ২:৩৩ অপরাহ্ন সুব্রত কুমার দেব উপ-সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	১২/৯/২৪ ৪:০২ অপরাহ্ন মোহাম্মদ মশিউর রহমান ভূঞা সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	১২/৯/২৪ ৪:২১ অপরাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	১২/৯/২৪ ৪:২১ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল




অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ১২/৯/২৪ ৯:৫৬ অপরাহ্ন

Forwarded for kind approval of paragraph:1.3

	
১২/৯/২৪ ৯:৫৬ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	১২/৯/২৪ ৯:৫৬ অপরাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ১৩/৯/২৪ ৮:২২ অপরাহ্ন

Okay

			
১৩/৯/২৪ ৮:২২ অপরাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	১৪/৯/২৪ ৬:৩৫ পূর্বাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	১৪/৯/২৪ ১:২১ অপরাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	১৪/৯/২৪ ১:২১ অপরাহ্ন সুব্রত কুমার দেব উপ-সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)